সংবাদ

তারিখ ..22 FEB 2009..
পৃষ্ঠা ..2..

# বিশ্ব স্কাউট দিবস আজ

নিজস্ব বার্তা পরিবেশক

বিশ্ব স্কাউট দিবস আজ। স্কাউটের প্রতিষ্ঠাতা ব্রিটিশ নাগরিক ব্যাডেন পাওয়েলের জন্মদিনে প্রতি বছর

স্কাউট : পৃ: ২ ক: ৭

## স্কাউট : দিবস

বিশ্বব্যাপী এ দিবসটি পালিত হয়। এ বছর ব্যাডেন পাওয়েলের ১৫২তম জন্মবার্ষিকী। দিবসটি উপলক্ষে নানা কর্মসূচি নেয়া হয়েছে।

১৯০৭ সালে ব্যাডেন শিশু-কিশোর, যুবকদের চরিত্র গঠন ও সুনাগরিক হিসেবে গড়ে তুলতে আন্দোলন শুরু করেন। একশ' বছরের অধিক সময় ধরে এ আন্দোলন পৃথিবীব্যাপী ৩ কোটি সদস্য নিয়ে পরিচালিত হচ্ছে। এ উপলক্ষে বাংলাদেশ স্কাউটস ঢাকা অঞ্চলের পক্ষ থেকে আজ রোববার সকাল ৮টায় জাতীয় স্কাউট ভবন থেকে একটি র‍্যালি বের করা হবে। র‍্যালিটি জাতীয় স্কাউট ভবন থেকে শুরু করে মৎস্য ভবন হয়ে জাতীয় প্রেসক্লাবে গিয়ে শেষ হবে। র‍্যালিতে বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার মো. আবুল কালাম আজাদসহ বাংলাদেশ স্কাউটস এবং ঢাকা অঞ্চলের ৫০০ স্কাউট, ইউনিট লিডার ও কর্মকর্তারা অংশ নেবেন। এ সময় তারা পাওয়েলের বাণী, ছবি, স্বাস্থ্যগত বার্তা, স্যানিটেশন, পাখি সংরক্ষণ, পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ক বিভিন্ন প্ল্যাকার্ড বহন করবেন।